

# SAFE AND FAIR MIGRATION from the Perspective of WOMEN MIGRANT GARMENTS WORKERS ( WMGW ) in Bangladesh



কর্মজীবী নারী
KARMOJIBI NARI (KN)

GAATW
Global Alliance Against Traffic in Women

Research Coordinator : Sunzida Sultana; Lead Researcher : Rahela Rabbani
Research Associate : Rabita Islam and Farhana Afrin Tithi

Karmojibi Nari
Green Avenue Park
House- 01, Apt- 8B, Road- 03
Block- A, Section- 06
Mirpur, Dhaka- 1216

Tel: 02- 58051545
Fax: 02- 58051546
Email: karmojibin91@gmail.com
www.karmojibinari.org



# Backdrop

The Readymade Garment (RMG) Sector of Bangladesh started flourishing after the New Industrial Policy was introduced in 1982. For more than three decades it employed a large and steadily increasing number of women workers. By 2014 the sector represented 81.13 percent of Bangladesh's total export. However, industry insiders and labour rights groups have always pointed out that the fast growth of the RMG sector and its position as a top foreign currency earner have been achieved by neglecting rights of workers. Workers in the RMG sector in Bangladesh are a badly paid work force and working conditions are unsafe. The tragedies at Tazreen and Rana Plaza factories shocked the world because their scale but numerous lesser known accidents had happened over the years.

Although the sector continues to keep Bangladesh among the top export oriented RMG hubs, according to a survey conducted by the Centre for Policy Dialogue (CPD) in 2018, the sector has not recorded a growth in employment over the last several years. In fact, automation and demand for skilled workers has resulted in a decline in the number of women workers who lack skills training and formal education.

Karmajibi Nari's regular interaction with women workers in the RMG sector has alerted us to the fact that they are denied even a minimum wage – let alone a living wage, decent working conditions, occupational safety measures and social protection. While women outnumber men in the RMG sector, they receive a lower wage and rarely get promoted to become supervisors.

While some steps have been taken to provide skills development opportunities to women entering the RMG sector, the unfavorable working conditions and poor wage have also encouraged many women to explore work opportunities overseas in the same sector. Jordan and Mauritius are two destination countries for women and men from Bangladesh seeking work abroad.

According to the government source, from July 2010 to June 2018 total of 48,890 women migrated to Jordan through the government-assisted channel (Annual Report 2017-2018, Ministry of Expatriates' Welfare and Overseas Employment, Governemnt of Bangladesh).

"I think there is lot of freedom living independently abroad. No one is there to see what I do. It is better to live abroad rather than experience torture by my husband at home"

- A returnee WMGW

# Women workers Voices

## Perspectives on safe and fair migration

*Information alone will not guarantee safety and fairness in labour migration*

"I migrated abroad through a manpower broker (Dalal). I paid him BDT 120000. My husband borrowed this money from a money lender at high interest. I didn't know that very little amount is required for labour migration through a proper channel"

- **A returnee WMGW**

"My husband tried to go to Malaysia through a Dalal, but failed. We had taken a big loan to pay for his migration. amount of loan. I need to go abroad to repay that loan."- **A woman who wants to go abroad to work in the garment sector**



"Prior to migration, I was informed that my salary would be twenty to thirty thousand taka but I got less than 20 thousand.I also had to work much harder there. I could not save any money."

- A returnee Woman Migrant Garment Worker

"I went to Jordan through BOESL. But I had to pay a Dalal for processing my passport because there was a mistake in my national ID card and I could not have sorted out the problem by myself. I had to pay him ten thousand taka to him. I went through a predeparture training but language training was not part of the curriculum which made it impossible for me to communicate with people in that country"- A returnee **WMGW**

A returnee WMGW

***Awareness is important- it helps women to make informed choices about labour migration.***

***Is it only my responsibility to ensure my safety?***

***The State needs to be accountable into its own citizens and ensure that workers have rights in the destination countries.***

***It is not only the act of giving information; we have to protect the rights of migrant workers.***

## *Unjust and unfair practices in the destination country*

"My husband used to beat me a lot and he didn't give me money for food and other necessities. This made me decide to migrate abroad. I thought that with my savings I would be able to purchase a piece of land to build a house and live with my child independently". According to a person who has migrated more than once as a garment worker

"I wish I could purchase an apartment for my parents. If I go to abroad for work, I could earn lot of money, and I would be able to make my dream come true"
-A Woman

## *Lack of privacy and violation of sexual and reproductive health and rights*

"**W**hen I suffered from severe typhoid, I could not eat anything, not even talk. The factory authorities didn't arrange any treatment, just sent me to my dormitory. Some of my male co workers protested seeing my condition, then the boss arranged treatment for me, but the cost of my treatment was cut from my salary."
- A returnee WMGW

"**I**n Jordan I could not eat the food they provided; I think they mix medicine in ourfood which is not good for our health, if I took their food, my length of menstrual cycle increased.."
– WMGW



"**S**ome of my co-workerss used to bring their boyfriends to our room. I used to feel very uncomfort-able about it."
- A returnee WMGW

"I know of an incident involving a Bangladeshi woman who had relationship with a guy from India or Srilanka and she became pregnant. The authorities sent the woman back to Bangladesh witha red seal stamped on her passport. This means that she won't be able to enter Jordan again- this was very inhuman"
- A returnee **WMGW**

**In a patriarchal society,there is no respect for women's private life and no acknowledgement of women's right to sexual and reproductive health..**

## *Social stigma towards Women Migrant Garment Worker*

"**I** think if I could stay in my country and get a good job, I can stay at my parents' place with my husband and children where we feel more safe and independent."

– A returnee WMGW

"**O**ne of my friends told me not to go abroad and advised me to stay and work in a garment industry in Dhaka. She said that the salary here will go up very soon. My neighbors believe that good girls will never choose to go abroad.They think I am not a good woman as I want to go abroad" -
A Woman who wants to go abroad to work in the garment industry

***Despite the fact that women migrant garment workers are significantly improving their family's well-being by sending remittances; their contribution is not recognized or respected. In the rural social context, it is really difficult for a girl to migrate abroad alone because the community often believes that the girls who go abroad will surely deviate from social norms around sexuality. Women garment Migrant Workers shared their disappointments and frustrations about social stigma which does not respect women's dignity.***

## *Good practices in the destination country*

"**O**ur accommodation arrangement in the country of destination was much better than in our own country. The factory owners provided transport facilities to the workers. We also had access to food and different choices of food. We were able to eat pantabhaat (Rice with water, salt and chilli)'.

- A returnee **WMGW**

"**I** am in Jordan and I share a room with 7 other women. We have 2 bunk bedsanda small almirah to keep our personal belongings. We also have a gas stove for cooking. The workers who are unable to eat the food provided by the company can prepare their own food."

– A **WMGW**

"**I** fulfilled my dream by saving money from my earnings as a migrant garment worker. In Bangladesh it was not possible to save money because of low salary and family expenses "

- A returnee **WMGW**

# Recommendation

## Recommendations from
## Women Migrant Garment Worker


- The Government of Bangladesh should equip migrants with practical language and communication skills by arranging classes on language and culture of the destination countries before sending the workers abroad.
- Provide opportunities for skills development for respective job orders in destination countries.
- Destination countries should arrange awareness sessions for the migrant workers on their labour law.
- Working conditions in countries of destination should meet standards of decent work as defined by the ILO
- Living quarters should be better. For example there should be one room for 5 to 6 women instead of the current situation of having 10-12 women in one room.
- There should be counseling facilities for female workers.
- Men's access to women's dormitory should be restricted.
- Factory owners should arrange adequate free health care for all  workers..
- Skills training should be need-based and the curriculum should be relevant in the country that the worker is travelling to.  .
- Women workers should be consulted while the production targets are being set. Targets should be realistic and attainable within the standard working hours'

# Recommendations from KarmojibiNari

- Adequate information on safe and fair migration should reach  people at grassroots level.
- Women workers should receive training in using affordable and accessible Information and Communication technologies (ICT) . Migration Information Centers should be set up at sub district level  so that migrating women can have access to trust worthy information before leaving their homes.
- Labour Attaché in Bangladesh Embassies in the destination countries should take proactive steps to address cases of harassment and labour rights violation  of Women Migrant Garment Workers.
- Embassies of Bangladesh in countries of destination should or ganiseorientation sessions for the Women Migrant Garment Workers on labour laws. They should also provide information about different services and referral mechanisms which workers can reach out to.
- Embassies of Bangladesh  in countries of destination should have a database for Bangladeshi migrant workers and maintain regular contact with them. This database should respect privacy and maintain confidentiality and not be used against the workers. Special cells should be set at the embassies to provide legal support to migrant workers.
- The bilateral agreements that the Government of Bangladesh is entering into with various countries of desti nation should prioritize rights protection of all migrant workers.



# বাংলাদেশের পোশাকশিল্পের নারীশ্রমিকের দৃষ্টিতে নিরাপদ এবং অবাধ অভিবাসন



কর্মজীবী নারী
KARMOJIBI NARI (KN)

GAATW
Global Alliance Against Traffic in Women


গবেষণা সমন্বয়ক: সানজিদা সুলতান ; মূল গবেষক: রাহেলা রাব্বানী;
গবেষণা সহযোগী: রাবিতা ইসলাম ও ফারহানা আফরিন তিথি

কর্মজীবী নারী
গ্রীন এভিনিউ পার্ক
বাসা- ০১, এ্যাপার্টমেন্ট- ৮বি, রোড- ০৩,
ব্লক- এ, সেকশন- ০৬
মিরপুর, ঢাকা- ১২১৬

টেলিফোন: ০২- ৫৮০৫১৫৪৫
ফ্যাক্স: ০২- ৫৮০৫১৫৪৬
Email: karmojibin91@gmail.com
www.karmojibinari.org



# প্রেক্ষাপট

বাংলাদেশের পোশাকশিল্পের নারীশ্রমিকেরা রয়েছে সবচেয়ে প্রান্তিক অবস্থানে। তারা থাকে বস্তিতে, শিক্ষার প্রাপ্তি থেকে তাদের অবস্থান বহুদূর। একসময়ের নারীবান্ধব শিল্প পোষাকশিল্পের আবির্ভাবে নারীশ্রমিকের সুযোগ হয়েছিল প্রাতিষ্ঠানিকভাবে শ্রমজীবীর কাতারে সামিল হওয়ার। কিন্তু বর্তমানে সেই পোষাকশিল্প যেন নারীদের থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। বৈশ্বিকভাবে এই শিল্পের প্রতিযোগিতা বেড়েই চলেছে এবং এ দেশগুলোর মধ্যে পোষাক-শিল্পখাতে তারাই এগিয়েছে যারা সর্বনিম্ন মজুরিতে কাজ করছে।

এই পরিপ্রেক্ষিতে দেখা যাচ্ছে নারীরা ন্যূনতম মজুরি, কর্মক্ষেত্রের নিরাপত্তা ও মর্যাদা, সামাজিক নিরাপত্তার মতো বিষয়গুলো তো দূরের কথা, বেঁচে থাকার জন্য ন্যূনতম মজুরিপ্রাপ্তি থেকে বঞ্চিত হচ্ছে। গবেষণায় দেখা গেছে (সিপিডি ২০১৭) পোষাকশিল্পে নারীর অংশগ্রহণ কমে দাঁড়িয়েছে ৬০.৮ ভাগে। এর কারণ হিসেবে দেখা গেছে এই শিল্পে স্বয়ংক্রিয় মেশিনের ব্যবহার বেড়েছে যা চালাতে নারীদের দক্ষতা কম আবার দেখা যাচ্ছে সুপারভাইজার বা উচ্চ পদে নারীরা অংশগ্রহণ করতে পারছেনা।

আর তাই জর্ডান ও মরিশাসে পোষাকশিল্পে অদক্ষ শ্রমিকের চাহিদা নারীদের জন্য দেশের বাইরের কারখানায় কাজের সুযোগ সৃষ্টি করেছে। সরকারি সূত্রমত ২০১০ সাল থেকে ২০১৮ এর জুন পর্যন্ত ৪৮,৮৯০ জন নারী বোয়েসেলের মাধ্যমে জর্ডানের পোশাক শিল্পে কাজ করতে গেছে।

"আমার মতে বাইরের দেশে স্বাধীনতা অনেক বেশি। সেখানে আমি কি করছি আর কি করছি না তা দেখার জন্য কেউ বসে নেই। বাড়িতে স্বামীর হাতে মার খেয়ে অত্যাচারের শিকার হয়ে না থেকে বিদেশে এসে কাজ করা অনেক ভাল"

- একজন বিদেশ ফেরত পোষাকশিল্পের নারীশ্রমিক

# নারীশ্রমিকের কণ্ঠে

## বাস্তবতায় নিরাপদ এবং অবাধ অভিবাসন

"আমি একজন দালালের সহযোগিতায় বিদেশ যাই। তাকে খরচ বাবদ একলক্ষ বিশ হাজার টাকা দিয়েছি। এই টাকা আমার স্বামী একজন এর কাছ থেকে উচ্চহারে সুদের বিনিময়ে নিয়েছিল। আমি তখন জানতাম না যে সঠিক মাধ্যমে বিদেশ গেলে খরচ খুব কম লাগে"।

- পুণরায় অভিবাসনকারী পোশাকশিল্পের নারীশ্রমিক

শুধুমাত্র সঠিক তথ্য দিতে পারছেনা নিরাপদ অভিবাসন খুঁজতে হবে নিরাপদ শ্রমঅভিবাসন প্রক্রিয়ার ফাঁক-ফোকর

"যে কাজ পাবার কথা দালাল বলেছিল সেই কাজই আমি পেয়েছিলাম বিদেশে যাবার পর। কিন্তু আমার বেতন হবে বলেছিল ২৫ থেকে ৩০ হাজার টাকা কিন্তু আমাকে ২০ হাজারেরও কম বেতনে অনেক বেশি পরিশ্রম করতে হত। বিদেশ যেয়ে আমার কোন লাভ হয়নি, সামান্য টাকাও জমাতে পারনি, ভুল জানায় আমার এ বিপদ হয়েছে"।

- একজন বিদেশ ফেরত পোশাকশিল্পের নারীশ্রমিক

"আমি বোয়েসেল এর মাধ্যমে জর্ডান এ গিয়েছিলাম। আমার পাসপোর্ট করার জন্য আমাকে দালালের সাথে যোগাযোগ করতে হয়েছিল কেননা আমার জাতীয় পরিচয়পত্রে ভুল ছিল। এর জন্য আমাকে ১০ হাজারের বেশি টাকা অতিরিক্ত খরচ করতে হয়েছিল। আমি বোয়েসেলের যে প্রশিক্ষণ পেয়েছি-লাম সেখানে কোন ভাষা শেখার প্রশিক্ষণ ছিল না। ভাষা না বোঝায় আমাকে অনেক সমস্যায় পড়তে হয়েছিল"।

- একজন বিদেশ ফেরত পোশাকশিল্পের নারীশ্রমিক

সচেতনতা জরুরী - একজন নারী পারছে জেনে বুঝে নিজের ইচ্ছায় সিদ্ধান্ত নিতে

কিন্তু আমার নিরাপত্তার দায়িত্ব কি শুধুই আমার?

শুধুমাত্র জানালে নয় রাষ্ট্রকে নজর দিহেবে শ্রমঅভিবাসন অধিকার রক্ষায়।

প্রয়োজন রাষ্ট্রের জবাবদিহিতার- রাষ্ট্রকে দেখতে হবে তার জন-গণগন্তব্য দেশে শ্রমঅধিকার পাচ্ছে কিনা।

## গন্তব্যদেশের অনাকাঙ্খিত এবং অন্যায্য ব্যবস্থাপনা

"এদেশে আমার স্বামী আমাকে অত্যাচার করতো। আমার খাওয়াপরাসহ কোন প্রয়োজনই মেটাতো না। আমি সন্তানকে রেখে বিদেশে গেছি। আবারও যাব কারণ আমি জমি কিনে বাড়ি করতে চাই যেন সন্তানকে নিয়ে ভালভাবে থাকতে পারি"।

- পুণরায় অভিবাসনকারী পোশাকশিল্পের নারীশ্রমিক

"আমি টাকা উপার্জন করে বাবা-মায়ের জন্য বাড়ি কিনতে চাই। আমি যদি কাজ নিয়ে বিদেশে যাই এবং অনেক উপার্জন করতে পারি তবে আমার স্বপ্ন পূরণ হবে"।

- সম্ভাব্য অভিবাসনকারী পোষাকশিল্পের নারীশ্রমিক

## নারীর ব্যক্তিজীবনে অনাকাঙ্খিত প্রবেশ; যৌন ও প্রজনন স্বাস্থ্যের অধিকারে বাধা

"যখন আমার টাইফয়েড হয়েছিল, কোন কিছু খেতে পারছিলাম না এমনকি কথাও বলতে পারছিলা না। কারখানা আমার চিকিৎসার ব্যবস্থা করেনি কিন্তু আমাকে আমার ডরমেটরিতে পাঠিয়ে দিয়েছিল। আমার কয়েকজন পুরুষ সহকর্মী আমার হয়ে দাবি করেছিল যার পরিপ্রেক্ষিতে কারখানা কর্তৃপক্ষ আমার চিকিৎসার ব্যবস্থা করেছিল কিন্তু আমার মজুরি থেকে খরচ কেটে নিয়েছিল"।- একজন বিদেশ ফেরত পোষাকশিল্পের নারী শ্রমিক

"জর্ডানে আমি তাদের দেয়া খাবার খেতে পারি না। আমার মনে হয় তারা এমন কোন ওষুধ মেশায় যা আমাদের শরীরের জন্য ক্ষতিকর। আমি যখনই তাদের খাবার খেয়েছি দেখেছি আমার মাসিকের দিন বেশি হত"

- পোষাকশিল্পের অভিবাসী নারীশ্রমিক



"আমার কোন কোন রুমমেট তাদের ছেলেবন্ধুদের ঘরে নিয়ে আসতো। সেখানে এ বিষয়ে কোন নিষেধ ছিলনা; সেই সময় রুমে থাকতে আমার খুবই অস্বস্তিকর লাগতো"।- একজন বিদেশ ফেরত পোষাকশিল্পের নারীশ্রমিক

"আমি একটি ঘটনা জানি - বাংলাদেশের মেয়েটার সম্পর্ক ছিল ভারত বা শ্রীলঙ্কার কোন ছেলের সাথে এবং সে গর্ভবতী হওয়ার তাকে পাসপোর্টে লাল সীল দিয়ে বাংলাদেশে পাঠিয়ে দেয়া হয় যেন সে আর কোনদিন বিদেশ যেতে না পারে, এটা খুবই অমানবিক"।

- একজন বিদেশ ফেরত পোষাকশিল্পের নারীশ্রমিক

**পিতৃতান্ত্রিক সমাজ ব্যবস্থায় নারীর ব্যক্তিজীবনের ; যৌন ও প্রজনন স্বাস্থ্যের অধিকার কখনই দেয়া হয় না।**

## অভিবাসনকারী পোষাকশিল্পের নারীশ্রমিক এর প্রতি সমাজের অসম্মান

"আমার মতে আমি আমার দেশে একটা ভাল চাকরী করে বাবা-মা, স্বামী-সন্তান নিয়ে থাকতে পারতাম তা হত আমার জন্য অনেক সম্মানের, আমি নিজেকে নিরাপদ ও স্বাধীন ভাবতে পারতাম"।

- একজন বিদেশ ফেরত পোষাকশিল্পের অভিবাসী নারীশ্রমিক

"আমার একজন বন্ধু আমাকে বিদেশ না যাওয়ার পরামর্শ দিয়ে বলেছে ঢাকায় কারখানায় কাজ করতে কারণ এখানেও মজুরি বাড়বে। আমার প্রতিবেশি বলেছে ভাল মেয়েরা বিদেশে যায় না, তুমি কেন বিদেশে যেতে চাইছো"।

- সম্ভাব্য অভিবাসনকারী পোষাকশিল্পের নারীশ্রমিক

*আমরা দেখছি অভিবাসনকারী পোষাকশিল্পের নারীশ্রমিকেরা তাদের পাঠানো টাকা থেকে নিজের পরিবারের উন্নতি করছে। বাবা-মা, স্বামী সকলেই টাকাটা গ্রহণ করছে কিন্তু তার কাজটাকে সম্মান দিতে পারছে না। গ্রামের প্রতিবেশিদের কাছ থেকেও তারা পাচ্ছে না কোন স্বীকৃতি। দারিদ্রের কারণে তাদের অনেক সময় পরিবার থেকেই জোর করে কারখানায় কাজে পাঠানো হয় গ্রাম থেকে শহরে অথবা বিদেশের শহরে শুধুমাত্র তাদের উপার্জিত অর্থের জন্য। অভিবাসনকারী পোশাক-শিল্পের নারীশ্রমিকদের এই বঞ্চনা তাদের ক্রমশই হতাশাগ্রস্ত করে তুলছে।*

## গন্তব্য দেশের ভাল এবং অবাধ ব্যবস্থাপনা

"ঐ দেশে আমাদের থাকার ব্যবস্থা আমাদের দেশের চেয়ে অনেক ভাল ছিল কারণ ওখানকার পরিবেশটা খুব সুন্দর ও ঠাণ্ডা, আমাদের কারখানায় যাতায়াতের জন্য নিজেস্ব পরিবহন ছিল। আমাদের নিজের ইচ্ছায় তাদের দেয়া খাবার খেতে চাইলে খেতাম নয়তো রান্না করে খেতাম ; পান্তা ভাত খেতাম"।

**-একজন বিদেশ ফেরত পোষাকশিল্পের নারীশ্রমিক**

"আমি জর্ডানে থাকি একটা ঘরে আরও সাত জন মেয়ের সাথে। আমাদের চারটা দোতলা বিছানা (মোট আটটা) , সবার জন্য আলাদা ছোট একটা আলমারি আছে। ঘরে রান্নার জন্য গ্যাসের একটা চুলা আছে। যারা হাউজের দেয়া খাবার খেতে পারে না তারা রান্না করে খায়"।

**- একজন অভিবাসী পোষাকশিল্পের নারীশ্রমিক**

"একজন পোষাকশিল্পের অভিবাসী নারীশ্রমিক হিসেবে আমি আমার স্বপ্ন পূরণ করতে পেরেছি, টাকা সঞ্চয় করেছি। বাংলাদেশের কারখানায় কাজ করে তা সম্ভব হত না কারণ এখানে মজুরি অনেক কম, তার সাথে পারিবারিকভাবে অনেক খরচ করতে হত"।

**- একজন বিদেশ ফেরত পোষাকশিল্পের নারীশ্রমিক**

# সুপারিশমালা

## অভিবাসনকারী পোশাকশিল্পের নারীশ্রমিকরা

* যাবার আগে সেই দেশের ভাষা ও সংস্কৃতি জানতে চায়

* তার জন্য প্রযোজ্য কাজটিতে দক্ষ হয়ে পাড়ি জমাতে চায় বিদেশের উদ্দেশ্যে

* গন্তব্যদেশের পক্ষ থেকে তাদের শ্রমআইন জানতে চায়

* শ্রমিকের সাথে আলোচনা করে কর্মঘন্টা ও টার্গেট পূরনের মাত্রা নির্ধারণ করে কারখানার কাজের চাপ সহনীয় মাত্রায় রাখতে চায়।

* ঠিকমতো ঘুমাতে চায়, একটি থাকার সুন্দর পরিবেশ যেখানে ১০ - ১২ নয় একসাথে থাকতে চায় ৫ থেকে ৬ জন

* নারীপুরুষের আলাদা থাকার জায়গা। যেখানে নারীদের ঘরে পুরুষদের অবাধ যাতায়াত থাকবেনা

* অসুস্থ হলে সহজে চিকিৎসা সুবিধা পেতে চায়

# কর্মজীবী নারী'র সুপারিশ

* সরকারি ভাবে একটি প্রক্রিয়া গড়ে তোলা যেন তৃণমূল পর্যায়ে প্রত্যেকে নিরাপদ ও অবাধ অভিবাসন সম্পর্কে সকল তথ্য পেতে পারে।

* তথ্য প্রযুক্তির সহজ ও কাঙ্খিত উপায় ব্যবহার করে বিশেষ করে নারীদের জন্য সহজলভ্য উপায়ে নিরাপদ ও অবাধ অভিবাসন বিষয়ে তথ্য জানানো।

* উপজেলা পর্যায়ে অভিবাসী তথ্য কেন্দ্র গড়ে তোলা যাতে করে সম্ভাব্য অভিবাসী শ্রমিক তার চাকুরীর চুক্তিসহ প্রয়োজনীয় সকল তথ্য যাচাই করতে পারে।

* একজন পোষাকশিল্পের অভিবাসী নারীশ্রমিক যাতে কোন প্রকার নির্যাতনের শিকার না হয় সে জন্য গন্তব্যদেশে বাংলাদেশ দূতাবাসের শ্রমবিষয়ক শাখা অবশ্যই কার্যকরী ও সক্রিয় উদ্যোগ গ্রহণ করবে।

* গন্তব্যদেশে বাংলাদেশ দূতাবাস ঐ দেশের শ্রমআইন এবং শ্রমিকের অধিকার সম্পর্কে অভিবাসী নারীশ্রমিকের জন্য ওরিয়েন্টেশন সেশন আয়োজন করবে যাতে তারা সহজে এই অভিবাসন প্রক্রিয়ার অর্ন্তভুক্ত হতে পারে।

* গন্তব্যদেশে বাংলাদেশের দূতাবাস প্রত্যেক অভিবাসী শ্রমিকের বিস্তারিত তথ্য সহ ডাটাবেজ তৈরি করবে এবং তাদের সাথে নিয়োমিত যোগাযোগ রাখবে। একটা বিশেষ কেন্দ্র তৈরি হতে পারে তাদের আইনী সহায়তার জন্য।

* বাংলাদেশ সরকার একটি দ্বিপক্ষিক চুক্তিতে যেতে পারে যাতে করে নিয়োগকর্তা অবশ্যই অভিবাসী শ্রমিকের জন্য একটি ওরিয়েন্টেশন এর ব্যবস্থা করবে যেখানে গন্তব্য দেশের শ্রমআইন ও শ্রমিকের প্রাপ্য অধিকার সম্পর্কে বিশদভাবে জানাবে।